# সবাইকে লাল গোলাপের শুভেচ্ছা



ক্লাশ পরিচালনায়

নাম- খ. ম. রওশন হাবিব

পদবী- চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক) ম্যানেজমেন্ট

সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট

# আজকের বিষয় লেনদেন



## লেনদেনের সংজ্ঞা (Define Transaction)

- সাধারণ অর্থে লেনদেন বলতে আদান প্রদান বা নেওয়া দেওয়াকে বুঝায়। এখানে লেন শব্দের অর্থ নেওয়া এবং দেন শব্দের অর্থ দেওয়া।

- অন্য কথায় বলা যায়, দ্রব্য বিনিময় হতে লেনদেনের সৃষ্টি হয়। অর্থের দ্বারা পরিমাপযোগ্য যে কোন দ্রব্য বা সেবার আদান প্রদান বা বিনিময়কে লেনদেন বলে।

১. **এ সম্পর্কে এল, সি ক্রোপার** বলেন, ‘‘অর্থ বা অর্থের দ্বারা পরিমাপযোগ্য দ্রব্য বা সেবার আদান প্রদানের মাধ্যমে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার কোন পরিবর্তন হলে তাকে লেনদেন বলা হয়।’’

২. ৩. **Prof. H Banerjee** এর মতে, “The dealings of a trader in regard to money or money's worth are called his transactions.’’ (অর্থাৎ অর্থ বা অর্থের দ্বারা পরিমাপযোগ্য সকল প্রকার কারবারি কার্যাবলিকে তার লেনদেন বলা হয়।)

## ** কারবারি লেনদেনের সংজ্ঞা (Define Business transaction)

অর্থের মাফকাঠিতে পরিমাপযোগ্য দ্রব্য বা সেবা কর্ম কোন ব্যবসায়ী প্রতিষ্ঠানে আর্থিক অবস্থার পরিবর্তন করলে তা কারবারি লেনদেন ।

অন্য কথায় বলা যায়, একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানকে দৈনন্দিন নানা রকম দেনদেন করতে হয়। যেমনঃ ক্রয়, বিক্রয়, ব্যাংকে জমা ইত্যাদি। এ সবই ব্যবসায়ীক উদ্দেশ্যে সংঘঠিত হয় তাই একে ব্যবসায়ী বা কারবারি লেনদেন বলে।

- **1. prof. H Banerjee** এর মতে " Every financial change which place in a business is a transaction. " (অর্থাৎ ব্যবসায় প্রতিষ্ঠানের যে কোন আর্থিক পরিবর্তনই কারবারি লেনদেন)
- **2. Prof. Field house** এর মতে, ""কারবারের আর্থিক অবস্থার পরিবর্তন জনিত প্রতিটি ঘটনাই একটি কারবারি লেনদেন।’’

## লেনদেনের বৈশিষ্ট্য (Explain the Characteristics of transaction.)

- প্রতিটি বিষয় নিজস্ব বৈশিষ্ট্যে পরিচালিত হয়। সেরূপ যে সমস্ত লেনদেন সংঘঠিত হয় তার কতিপয় নিজস্ব বৈশিষ্ট্য আছে। এ গুলো নিম্নে আলোচনা করা হলোঃ
- **(১) আর্থিক অবস্থার পরিবর্তন(Financial change)ঃ** যদি কোন ঘটনা আর্থিক অবস্থার কোনরূপ পরিবর্তন আনয়ন করে তবে তা লেনদেন বলে বিবেচিত হবে। উদাহরণস্বরূপ বলা যায়ঃ মিঃ কালামকে ৫০০/-টাকা ধার দেয়া হলো। এখানে কালামের ৫০০/-টাকা বৃদ্ধি পেল এবং আমার ৫০০/- টাকা কমে গেল। সুতরাং এটি লেনদেন ।
- **(২) অর্থের মাপকাঠিতে নিরূপিত(Measurable in terms of money)ঃ** লেনদেন হতে হলে অর্থ দ্বারা পরিমাপযোগ্য হতে হবে। কিন্তু অর্থ আদান প্রদান না হলে লেনদেন হবে না। যেমন মিঃ এক্স দুর্ঘটনা মারা গেল, এটি অর্থ দ্বারা পরিমাপ করা যায় না। তাই এটি লেনদেন নহে। কিন্তু একটি বলপেন তিন টাকায় কেনা হলো, এখানে অর্থ দ্বারা পরিমাপ করা গেল যে কলমটি মধ্যে টাকা তিন নিহিত। তাই এটি লেনদেন।
- **(৩) পৃথক সত্ত্বা(Separate aspect)ঃ** লেনদেন সংঘঠিত হওয়া মাত্র তা দু'টি পক্ষকে প্রভাবিত করবে। দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক প্রত্যেক লেনদেনর দুটি পক্ষ থাকবে। একটি ডেবিট হলে অন্যটি ক্রেডিট হবে। যেমন ৫০০/-টাকা মাল ক্রয় করা হলো। এখানে এক পক্ষ টাকা প্রদান করল এবং অন্য পক্ষ মাল গ্রহণ করল সুতরাং এটি লেনদেন।
- **(৪) অদৃশ্যমানতা (Invisibility)ঃ** লেনদেন সব সময় দৃষ্টির সামনে ঘটবে এমনটি ঠিক নয়। লেনদেন লোক চক্ষুর আড়ালে ও ঘটতে পারে । যেমনঃ সম্পত্তির মুল্য ক্রমশ হ্রাস পায়। ফলে সম্পত্তির উপর অবচয় ধার্য করা হয়। কিন্তু এটি গোচরীভুত বা দেখা যায় না কিন্তু এটি লেনদেন।

## লেনদেনের শ্রেণিবিভাগ (Discuss the Classification of transaction.)

- প্রকৃতিগতভাবে লেনদেনকে বিভিন্ন ভাগে ভাগ করা যায়; তা নিম্নরূপঃ
- **১। আকারের ভিত্তিতেঃ** আকারের ভিত্তিতে লেনদেনকে চার ভাগে ভাগ করা যায়; যথাঃ
- ক. দ্রব্য;
- খ. সেবা;
- গ. টাকা এবং
- ঘ. টাকা সংগ্রহের অধিকার আকারে।
- **২। প্রতিষ্ঠানিক সম্পর্কের ভিত্তিতেঃ**
- **(ক) বহিঃ লেনদেনঃ** অর্থের মাফকাঠিতে পরিমাপযোগ্য লেনদেনকে বহিঃ লেনদেন বলে।
- **(খ) আন্তঃ লেনদেনঃ** কোন নির্দিষ্ট সময় পরে স্থায়ী সম্পত্তির মূল্য হ্রাসের জন্য অবচয় ধার্য আন্তঃ লেনদেন।

# লেনদেনের শ্রেণিবিভাগ

- **৩। অর্থ প্রদানের ভিত্তিতেঃ**
- **(ক) নগদ লেনদেনঃ** লেনদেন হওয়া মাত্র নগদ অর্থে পরিশোধকে নগদ লেনদেন বলে।
- **(খ) ধারে বা বাকি লেনদেনঃ** দ্রব্য বা সেবা হস্তান্তরের ফলে নগদ পরিশোধিত না হলে তা বাকি লেনদেন।
- **(গ) অ-নগদ লেনদেনঃ** নগদ লেনদেন ও বাকি লেনদেন বাদে সকল লেনদেনকে অ-নগদ বলে।
- **৪। দৃশ্যতা ও অদৃশ্যতার ভিত্তিতেঃ**
- **(ক) দৃশ্যমান লেনদেনঃ** লেনদেনের প্রভাব দৃশ্যমান হয় দর্শনীয় লেনদেন। যেমনঃ যন্ত্রপাতি ক্রয়।
- **(খ) অদৃশ্যমান লেনদেনঃ** যে লেনদেনের ফলাফল দেখা যায় না উহা অদৃশ্যমান লেনদেন। যেমনঃ অবচয়।

# লেনদেনের শ্রেণিবিভাগ

- ৫। উদ্দেশ্য ভিত্তিতেঃ
- **(ক) কারবারি লেনদেনঃ** ব্যবসায় পরিচালনার জন্য লেনদেনকে কারবারি লেনদেন বলে।
- **(খ) অ-কারবারি লেনদেনঃ** অব্যবসায়ী প্রতিষ্ঠানের লেনদেন কে অকারবারি লেনদেন বলে।
- **(গ) ব্যক্তিগত লেনদেনঃ** ব্যক্তিগত জীবনে যে লেনদেন করা হয় তা ব্যক্তিগত লেনদেন।

- **৬। উপযোগিতাভিত্তিক**
- **(ক) মূলধনজাতীয় লেনদেনঃ** যেসব লেনদেন দীর্ঘমেয়াদি অর্থাৎ একাধিক আর্থিক বছরে উপযোগিতা বা উপকার প্রদান করে থাকে তাকে মূলধনজাতীয় লেনদেন বলে। যেমনঃ যন্ত্রপাতি ক্রয়।
- **(খ) মুনাফাজাতীয় লেনদেনঃ** যেসব লেনদেন স্বল্পমেয়াদি অর্থাৎ একটি আর্থিক বছরে উপযোগিতা বা উপকার প্রদান করে থাকে তাকে মুনাফাজাতীয় লেনদেন বলে। যেমনঃ বাড়ি ভাড়া প্রদান।

# লেনদেনের শ্রেণিবিভাগ

**৫। উদ্দেশ্য ভিত্তিতেঃ**

**(ক) কারবারি লেনদেনঃ** ব্যবসায় পরিচালনার জন্য লেনদেনকে কারবারি লেনদেন বলে।


**(খ) অ-কারবারি লেনদেনঃ** অব্যবসায়ী প্রতিষ্ঠানের লেনদেন কে অকারবারি লেনদেন বলে।

**(গ) ব্যক্তিগত লেনদেনঃ** ব্যক্তিগত জীবনে যে লেনদেন করা হয় তা ব্যক্তিগত লেনদেন।

**৬। উপযোগিতাভিত্তিক**

**(ক) মূলধনজাতীয় লেনদেনঃ** যেসব লেনদেন দীর্ঘমেয়াদি অর্থাৎ একাধিক আর্থিক বছরে উপযোগিতা বা উপকার প্রদান করে থাকে তাকে মূলধনজাতীয় লেনদেন বলে। যেমনঃ যন্ত্রপাতি ক্রয়।

**(খ) মুনাফাজাতীয় লেনদেনঃ** যেসব লেনদেন স্বল্পমেয়াদি অর্থাৎ একটি আর্থিক বছরে উপযোগিতা বা উপকার প্রদান করে থাকে তাকে মুনাফাজাতীয় লেনদেন বলে। যেমনঃ বাড়ি ভাড়া প্রদান।


লেনদেন
আকার ভিত্তিক
প্রতিষ্ঠানগত সম্পর্কভিত্তিক
অর্থ/মূল্যপ্রদানভিত্তিক
দৃশ্যমানতারভিত্তিক
উদ্দেশ্যভিত্তিক
উপযোগিতাভিত্তিক
১. দ্রব্য, ২. সেবা
২. টাকা ও
৪.টাকা সংগ্রহের অধিকার
১. বহিঃ লেনদেন
২. আন্তঃ লেনদেন
১. নগদ লেনদেন
২. বাকি লেনদেন ও
৩. অ-নগদ লেনদেন
১. দৃশ্যমান লেনদেন
২. অদৃশ্যমান লেনদেন
১. কারবারি/ব্যবসায়িক লেনদেন
২.অ-কারবারি/অব্যবসায়িক লেনদেন
২. ব্যক্তিগত লেনদেন
১. মূলধন জাতীয় লেনদেন
২. মুনাফা জাতীয় লেনদেন

জনাব মিলনের নিম্নোক্ত ঘটনাগুলোর কোনটি লেনদেন, কোনটি লেনদেন নয় উল্লেখ কর।

জানুয়ারী ১. জনাব মিলন নগদ ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করলেন।

৩. তার ব্যবসায়ের সুদক্ষ কর্মচারী দুর্ঘটনায় মারা গেলেন।

৫. আকবরকে ১০,০০০টাকা বেতনে ম্যানেজার হিসেবে নিয়োগ করা হলো।

১০. মালিক তাঁর ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে ৬,০০০ টাকা উত্তোলন করলেন।

১৬. তিনি তার বন্ধু কামালকে ৫০,০০০ টাকা প্রদান করতে সম্মত হলেন।

১৮. বিজ্ঞাপন খরচ প্রদান করা হলো ৬,০০০ টাকা।

২০. ক্যাশ বাক্স থেকে ১,০০০ টাকা চুরি হয়েছে।

২১ ব্যক্তিগত প্রয়োনে তিনি ব্যবসা হতে ৭,০০০ টাকা উত্তোলন করার ইচ্ছা পোষণ করলেন।

৩১. আয়কর প্রদান করাহলো ২,০০০ টাকা।

সমাধান । ।০৪ । ।

| তারিখ | ঘটনাসমূহ | লেনদেন/লেনদেন নয় |
| --- | --- | --- |
| জানুঃ ১ | জনাব মিলন নগদ ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করলেন । | লেনদেন |
| ৩ | তার ব্যবসায়ের সুদক্ষ কর্মচারী দুর্ঘটনায় মারা গেলেন । | লেনদেন নয় |
| ৫ | হাছান ট্রেডার্স এর নিকট হতে ২০,০০০ টাকার পণ্য সরবরাহের একটি ফরমায়েশ পাওয়া গেল । | লেনদেন নয় |
| ৮ | আকবরকে ১০,০০০টাকা বেতনে ম্যানেজার হিসেবে নিয়োগ করা হলো । | লেনদেন নয় |
| ১০ | মালিক তাঁর ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে ৬,০০০ টাকা উত্তোলন করলেন । | লেনদেন |
| ১৬ | তিনি তার বন্ধু কামালকে ৫০,০০০ টাকা প্রদান করতে সম্মত হলেন । | লেনদেন নয় |
| ১৮ | বিজ্ঞাপন খরচ প্রদান করা হলো ৬,০০০ টাকা । | লেনদেন |
| ২০ | ক্যাশ বাক্স থেকে ১,০০০ টাকা চুরি হয়েছে । | লেনদেন |
| ২১ | ব্যক্তিগত প্রয়োনে তিনি ব্যবসা হতে ৭,০০০ টাকা উত্তোলন করার ইচ্ছা পোষন করলেন । | লেনদেন নয় |
| ৩১ | আয়কর প্রদান করাহলো ২,০০০ টাকা । | লেনদেন |

কোন কিছু জানার থাকলে

বা কোন প্রশ্ন

বাড়ির কাজ উদাহরণ -১

সবাইকে ধন্যবাদ

